বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
এইচএসসি প্রোগ্রাম
হিসাব বিজ্ঞান দ্বিতীয় পত্র
বিষয় কোড ঃ HSC-2822
মান-বণ্টন

ক বিভাগ (তত্ত্বীয়) = ২৫

১০ টি সংক্ষিপ্ত প্রশ্ন থেকে ৫টির উত্তর দিতে হবে (৫×৫=২৫)

খ বিভাগ (প্রায়োগিক) = ৪৫

৬টি গাণিতিক সমস্যা থেকে ৩টির সমাধান করতে হবে (৩×১৫=৪৫)

গ বিভাগ (চূড়ান্ত হিসাব) = ৩০

১টি আবশ্যিক চূড়ান্ত হিসাব প্রস্তুত করতে হবে। (৫+১০+৫+১০ = ৩০)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
এইচএসসি প্রোগ্রাম
হিসাব বিজ্ঞান দ্বিতীয় পত্র
বিষয় কোড ঃ HSC-2822
নমুনা প্রশ্ন

পূর্ণমান-১০০, সময় - ৩ ঘন্টা

ক - বিভাগ (তত্ত্বীয়)

যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দিন। **৫×৫ = ২৫**

১. হস্তান্তরযোগ্য ঋণ দলিলের বৈশিষ্ট্য বর্ণনা করুন।
২. বিনিময় বিলের বাট্টাকরন বলতে কি বুঝায়? উদাহরণ দিন।
৩. প্রাপ্তি ও প্রদান হিসাব এবং নগদান বইয়ের মধ্যে পার্থক্য দেখান।
৪. অবচয়ের কারনসমূহ বর্ণনা করুন।
৫. অংশীদারদের চলতি হিসাব কখন রাখা হয়? এর হিসাব নীতি আলোচনা করুন।
৬. উৎপাদন ব্যয় উপাদান কি? এদের বিস্তারিত বর্ণনা দিন।
৭. উৎপাদন ব্যয়ের শ্রেণীভেদ আলোচনা করুন।
৮. অনুপাত বিশ্লেষণের কি প্রয়োজন আছে? থাকলে বিস্তারিত আলোচনা করুন।
৯. অবচয় ও সম্পত্তি হিসাবভূক্ত করার বিভিন্ন পদ্ধতিসমূহ আলোচনা করুন।
১০. উদ্বৃত্ত পত্র কিভাবে প্রস্তুত করা হয়।

খ - বিভাগ (প্রায়োগিক)

যে কোন তিনটি সমস্যার সমাধান করুন **১৫ × ৩ = ৪৫**

১১. সাদিক এন্ড কোং ২০০৪ সালের জানুয়ারি ১ তারিখে একটি মেশিন ক্রয় করে। মেশিন সম্পর্কে তথ্য নিচে দেয়া হলঃ ক্রয় মূল্য ২,৫০,০০০ টাকা; কর ও শুল্ক ৫০,০০০ টাকা; পরিবহন ও সংস্থাপন খরচ ৭৫,০০০ টাকা; ভগ্নাবশেষ মূল্য ৭৫,০০০ টাকা; কার্যকর জীবনকাল ১০ বৎসর; কার্যকর জীবনকালে মোট কার্যকর ঘন্টা ৩০,০০০; মোট উৎপাদনযোগ্য দ্রব্যের পরিমাণ ৫০,০০০ একক।

প্রকৃত কার্যকাল	ঘন্টা	উৎপাদন
২০০৪	২০০০ ঘন্টা	২,৬০০ একক
২০০৫	২,৭৫০ ঘন্টা	৩,৬৫০ একক
২০০৬	৩,৫০০ ঘন্টা	৪,৫০০ একক
২০০৭	৩,৬০০ ঘন্টা	৪,৭৫০ একক

উপরোক্ত তথ্যের ভিত্তিতে নিচের পদ্ধতি অনুসারে ২০০৪ সাল থেকে ২০০৭ সাল পর্যন্ত ৪ বছরের অবচয়ের পরিমাণ পৃথকভাবে নির্ণয় করুন -

ক. সরল রৈখিক পদ্ধতি
খ. ক্রম হ্রাসমান জের পদ্ধতি
গ. দ্বৈত হ্রাসমান পদ্ধতি
ঘ. বর্ষ সংখ্যার সমষ্টি পদ্ধতি
ঙ. উৎপাদন একক পদ্ধতি ও
চ. কার্যকর ঘন্টা পদ্ধতি।

১২. ১লা জুন ২০০৩ তারিখে মিঠু ১৮,০০০ টাকার তিন মাস মেয়াদী একখানি বিল টিঠুর বরাবর প্রস্তুত করে। টিঠু বিলখানিতে স্বীকৃতি প্রদান করে মিঠুর নিকট ফেরত পাঠায়। মিঠু ৩রা জুন ১৭,৬০০ টাকায় বিলখানা ব্যাংক থেকে বাট্টা করে নেয়। দেয় তারিখে বিলটি প্রত্যাখ্যাত হয় এবং ব্যাংক ৬০ টাকা নোটিং চার্জ প্রদান করে। টিঠু বিলের ৬,০০০ টাকা ও নোটিং চার্জ নগদে প্রদান করে এবং অবশিষ্ট টাকার জন্য ৮% সুদসহ ৪মাস মেয়াদী একখানা নতুন বিল প্রস্তুত করতে মিঠুকে অনুরোধ করে। মিঠু এতে সম্মত হয়ে নতুন বিল প্রস্তুত করলে টিঠু স্বীকৃতি প্রদান করে। কিন্তু মেয়াদ পূর্তির আগে টিঠু দেওলিয়া ঘোষিত হওয়ায় বিলটি প্রত্যাখ্যাত হয়। মিঠু পাওনা বাবদ টিঠুর সম্পত্তি হতে টাকায় ৪০ পয়সা সংগ্রহ করতে সক্ষম হয়।
মিঠু ও টিঠুর হিসাব বইতে জাবেদা দেখান।

১৩. হাসান, হেলাল ও আরিফ একটি অংশীদারী ব্যবসায়ের অংশীদার। ২০০১ সালের ১লা জানুয়ারি তারিখে তাদের মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ৭৫,০০০ টাকা, ৮০,০০০ টাকা এবং ৭০,০০০টাকা। হাসান ও আরিফ সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য যথাক্রমে মাসিক ৬০০ টাকা বেতন পাবার অধিকারী যা তারা প্রতি মাসে উঠিয়ে নেয়। চুক্তিপত্র অনুযায়ী মূলধন ও উত্তোলনের উপর পণ্য উত্তোলন ব্যতীত ১০% সুদ ধার্য করতে হবে। ২০০১ সালে হাসান, হেলাল ও আরিফের নগদ উত্তোলনের পরিমাণ ছিল যথাক্রমে ৫,০০০ টাকা, ৮,০০০টাকা ও ৯,০০০টাকা এবং এ উত্তোলনের উপর ধার্যকৃত সুদের পরিমাণ ছিল যথাক্রমে ২৫০ টাকা; ৩০০ টাকা এবং ৪০০ টাকা। আরিফ নগদ উত্তোলন ছাড়াও ব্যবসায় হতে ১,২০০টাকার পণ্য উত্তোলন করেন যা হিসাবভুক্ত হয়নি। উপরোক্ত সমন্বয়সমূহ সাধন করার পূর্বে ২০০১ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বৎসরের জন্য ব্যবসায়ের মুনাফা হয় ১,১৫,০০০টাকা।

করণীয় ঃ (১) লাভ-লোকসান বণ্টন হিসাব
(২) অংশীদারদের মূলধন হিসাব।

১৪. মমতাজ লিঃ প্রদত্ত নিম্নোক্ত তথ্য থেকে একটি উৎপাদন ব্যয় বিবরণী তৈরী করুন ঃ

	টাকা
প্রারম্ভিক কাঁচামাল মজুদ	১,০০,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	১,০০,০০০
সমাপনী কাঁচামাল মজুদ	৫০,০০০
সমাপনী মজুদ পণ্য	১,৫০,০০০
কাঁচামাল ক্রয়	৫,০০,০০০
প্রত্যক্ষ মজুরী	৩,০০,০০০
কারখানা ভাড়া	১,০০,০০০
কারখানার অন্যান্য খরচ	১,০০,০০০
প্রশাসনিক ব্যয়	২,০০,০০০
বিক্রয় ও বিলি খরচ	১,০০,০০০
বিক্রয়	১৬,২৫,০০০

কোম্পানী কিছু পণ্য সরবরাহ করার জন্য দরপত্র মূল্য নির্ধারণ করতে ইচ্ছুক। হিসাব করে দেখা গেছে যে, ঐ পরিমান পণ্য তৈরীতে কাঁচামাল লাগবে ২,০০,০০০ টাকার, প্রত্যক্ষ মজুরী ব্যয় হবে ২,০০,০০০ টাকা। কারখানা উপরিব্যয় হবে মজুরীর ৫০%। প্রশাসনিক ব্যয় হার হবে উৎপাদন ব্যয় ও প্রশাসনিক ব্যয় হারের সমান। উৎপাদন ব্যয়ের উপর বিক্রয় ও বিলি খরচের হার ও এক থাকবে। বিক্রয় মূল্যের উপর মুনাফার হার এক ধরে দরপত্র মূল্য নির্ধারণ করতে হবে।

১৫. নিম্নে মমতাজ লিঃ এর লাভ-ক্ষতি এবং উদ্বৃত্তপত্র প্রদত্ত হলো। নিম্নোক্ত অনুপাতগুলি বের করুন।

১. মোট মুনাফা অনুপাত;
২. নীট মুনাফা অনুপাত;
৩. চলতি অনুপাত;
৪. দ্রুত অনুপাত;
৫. মুজদ আবর্তন অনুপাত;
৬. ঋণ ইকুইটি অনুপাত।

লাভ-ক্ষতি হিসাব

ডেবিট ক্রেডিট

বিবরণ	টাকা	বিবরণ	টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	১,০০,০০০	বিক্রয়	১০,০০,০০০
প্রারম্ভিক কাঁচামাল মজুদ	৫০,০০০	সমাপনী কাঁচামাল মজুদ	১,৫০,০০০
কাঁচামাল ক্রয়	৩,০০,০০০	সমাপনী মজুদ পণ্য	১,০০,০০০
মজুরী	২,০০,০০০	সুদ প্রাপ্তি	৫০,০০০
কারখানা উৎপাদন খরচ	১,০০,০০০		
প্রশাসনিক ব্যয়	৫০,০০০		
বিক্রয় ও বণ্টন ব্যয়	৫০,০০০		
বিবিধ খরচ	৫৫,০০০		
ঋণপত্রের সুদ	১০,০০০		
নীট লাভ	৩,৮৫,০০০		
	১৩,০০,০০০		১৩,০০,০০০

উদ্বৃত্ত পত্র

বিবরণ	টাকা	বিবরণ	টাকা
মূলধন ঃ		স্থায়ী সম্পত্তি	২,৫০,০০০
সাধারণ শেয়ার মূলধন	১,০০,০০০	মজুদ ঃ	
অগ্রাধিকার শেয়ার মূলধন	১,০০,০০০	কাঁচামাল	১,৫০,০০০
সঞ্চিতি	১,০০,০০০	সমাপ্ত পণ্য	১,০০,০০০
ঋণপত্র	২,০০,০০০	বিবিধ দেনাদার	১,০০,০০০
বিবিধ পাওনাদার	১,০০,০০০	ব্যাংক জমা উদ্বৃত্ত	৫০,০০০
প্রদেয় বিল	৫০,০০০		
	৬,৫০,০০০		৬,৫০,০০০

১৬. শেখ এন্ড কোম্পানী এর স্বত্বাধিকারী জনাব এ.এস. শেখ একজন সনদ প্রাপ্ত হিসাববিজ্ঞানী। তাঁর পেশা সংশ্লিষ্ট প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নে দেয়া হল। উক্ত প্রাপ্তি ও প্রদান হিসাব থেকে তাঁর প্রতিষ্ঠানের আয়-ব্যয় হিসাব ও উদ্বৃত্তপত্র প্রস্তুত করুন।

শেখ এন্ড কোম্পানী
প্রাপ্তি ও প্রদান হিসাব
৩১শে ডিসেম্বর ২০০৩ তারিখে সমাপ্ত বছরের জন্য

ডেবিট ক্রেডিট

প্রাপ্তি	টাকা	প্রদান	টাকা
প্রারম্ভিক উদ্বৃত্ত (১-১-০৩)		অফিম ভাড়া (অগ্রিম ভাড়া, ৪,৮০০	৩,৬০,০০০
নগদ	৩৩,০০০	টাকা সহ)	
ব্যাংক জমা	১,১০,০০০	প্রশাসনিক খরচ	১,২০,০০০
নিরীক্ষা ফি	১৫,০০,০০০	কর্মচারীদের বেতন	৬,৫০,০০০
পরামর্শ সেবা থেকে আয়	৮,৫০,০০০	পেশা সংশ্লিষ্ট বই ক্রয়	১,৪৫,০০০
আয়কর পরামর্শ খাতে আয়	৭,০০,০০০	শিক্ষানবিস ভাতা আনুষাঙ্গিক খরচ	৩,০০,০০০
কোম্পানীর নিবন্ধন ফি প্রাপ্তি	৩,৫০,০০০	বার্ষিক ভোজ খরচ	১,২০,০০০
১৫% বিনিয়োগ (ভাঙ্গানো ১-৭-০৩)	২,০০,০০০	যাতায়াত খরচ	৩,০০,০০০
বিনিয়োগের সুদ	১৫,০০০	আয়কর প্রদান	৪৫,০০০
বিবিধ প্রাপ্তি	১৭,০০০	হিসাব বিজ্ঞানী সমিতির চাঁদা	২০,০০০
		নিরীক্ষা প্রতিবেদন খরচ	১,৫০,০০০
		টেলিফোন ও ফ্যাক্স খরচ	৫০,০০০
		কম্পিউটার ও সরঞ্জাম ক্রয়	৫,৫০,০০০
		ছাপা ও মনিহারী	৫০,০০০
		সমাপনী উদ্বৃত্ত (৩১-১২-০৩) ঃ	
		নগদ	২৫,০০০
		ব্যাংক জমা	৮,৯০,০০০
	৩৭,৭৫,০০০		৩৭,৭৫,০০০

২০০৩ সালের ১ জানুয়ারি তারিখে প্রতিষ্ঠানের সম্পত্তি ও দায় ছিল। বৈদ্যুতিক পাখা ও শীতাতপ যন্ত্র ২,৫০,০০০ টাকা; ফটোষ্ট্যাট মেশিন ১,৫০,০০০টাকা; মোটরগাড়ি ১০,০০,০০০টাকা; বকেয়া টেলিফোন বিল ১০,০০০টাকা; হিসাববিজ্ঞানী সমিতির ফি ৫০,০০০টাকা এবং আসবাবপত্র ১,২০,০০০টাকা।

অন্যান্য তথ্যাবলী (৩১ ডিসেম্বর ২০০৩) ঃ

ক. নিরীক্ষা ফি বকেয়া ১,০০,০০০ টাকা এবং পরামর্শ সেবা ফি ৪০,০০০টাকা।

খ. বকেয়া খরচসমূহ ঃ যাতায়াত খরচ ৩০,০০০টাকা: টেলিফোন বিল ১০,০০০টাকা; কর্মচারীদের বেতন ৫০,০০০ টাকা।

গ. কম্পিউটার ও সরঞ্জাম ৩১-০৮-০৩ তারিখে ক্রয় করা হয়েছে।

ঘ. সরঞ্জামের উপর ১৫%, আসবাবপত্রের উর ৫% এবং মোটরগাড়ির উপর ১০% অবচয় ধার্য করতে হবে।

ঙ. অব্যবহৃত মনিহারী দ্রব্যের পরিমাণ ছিল ৫,০০০টাকা।

গ-বিভাগ (চূড়ান্ত হিসাব) - ৩০

১৭. তিস্তা কোম্পানি লিঃ এর অনুমোদিত মূলধন ৮,০০,০০০.০০ টাকা। এই অনুমোদিত মূলধন প্রতিখানি ১০০.০০ টাকা মূল্যের ৮,০০০ শেয়ারে বিভক্ত। ২০০৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত কোম্পানির রেওয়ামিল নিম্নরূপ ঃ

রেওয়ামিল

৩১শে ডিসেম্বর, ২০০৪ সাল

বিবরণ	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
শেয়ার মূলধন ঃ ইস্যুকৃত ও তলবকৃত (৫,০০০ শেয়ার পূর্ণমূল্য তলবকৃত)		৫,০০,০০০.০০
১৫% ঋণপত্র (১-৪-০৪)		১,০০,০০০.০০
সাধারণ তহবিল		৫০,০০০.০০
শেয়ার অধিহার		২০,০০০.০০
বিবিধ পাওনাদার		৬৫,০০০.০০
সুনাম	১,২০,০০০.০০	
ইজারা সম্পত্তি (১০ বৎসরের জন্য)	২,০০,০০০.০০	
কলকব্জা	১,৬০,০০০.০০	
আসবাবপত্র	৩০,০০০.০০	
১৬% বিনিয়োগ (১-৭-০৪)	১,৫০,০০০.০০	
মজুদ পণ্য (১-১-০৪)	২৫,৮০০.০০	
পণ্য ক্রয় ও পণ্য বিক্রয়	২,২৫,০০০.০০	৩,৯৯,৫০০.০০
পণ্য ফেরত	৩,৫০০.০০	৪,৫০০.০০
মজুরি	১৫,৫০০০.০০	
বেতন	২৮,২০০.০০	
ভাড়া	২১,৫০০.০০	
শুল্ক	১০,০০০.০০	
পরিবহন	৫,৫০০.০০	
ঋণপত্রের সুদ	৭,৫০০.০০	
বীমা সেলামী	২,৫০০.০০	
বিজ্ঞাপন	৪৪,৫০০.০০	
অনাদায়ী দেনা সঞ্চিতি	৩,৫০০.০০	
বিনিয়োগের সুদ		৫,০০০.০০
বিবিধ দেনাদার	৭৫,০০০.০০	৬,০০০.০০
ব্যাংক জমার উদ্বৃত্ত		
অনাদায়ী তলব	৬২,০০০.০০	
লাভ-লোকসান হিসাব উদ্বৃত্ত	১০,০০০.০০	৫০,০০০.০০
	১২,০০,০০০.০০	১২,০০,০০০.০০

নিম্নলিখিত সমন্বয়গুলি সাধন করা প্রয়োজনঃ

(১) সমাপনী মজুদ পণ্য ৭৫,৫০০.০০ টাকায় মূল্যায়ন হইয়াছে। **(২)** একটি নতুন মেশিনের সংস্থাপন ব্যয় ৫,০০০.০০ টাকা মজুরির অন্তর্ভুক্ত রহিয়াছে। **(৩)** মজুরি ১,৫০০.০০ টাকা; বেতন ৩,৮০০.০০ টাকা এবং ভাড়া ২,৫০০.০০ টাকা বকেয়া রহিয়াছে; পক্ষান্তরে বীমা সেলামী ৫০০.০০ টাকা অগ্রিম প্রদত্ত হইয়াছে। **(৪)** বিজ্ঞাপনের উদ্দেশ্যে ৩,৫০০.০০ টাকা মূল্যের পণ্য বিনা মূল্যে ভোক্তাগণের মধ্যে বিতরণ করা হইয়াছে; কিন্তু ইহার কোন জায় হিসাব বহিতে লেখা হয় নাই। **(৫)** অনাদায়ী দেনা সঞ্চিতি ৬,৫০০.০০ টাকায় বৃদ্ধি করিতে হইবে। **(৬)** মোট বিজ্ঞাপন খরচের অর্ধাংশ বিলম্বিত করিতে হইবে। **(৭)** কলকব্জার ১০% লভ্যাংশ ঘোষণা করিতে হইবে। **(৮)** ১০% লভ্যাংশ ঘোষণা করিতে হইবে। **(৯)** নীট লাভের ২০,০০০.০০ টাকা সঞ্চিতি তহবিলে স্থানান্তরিত করিতে হইবে।

আপনার করণীয় ঃ **(ক)** ক্রয়-বিক্রয় হিসাব; **(খ)** লাভ-লোকসান হিসাব; **(গ)** লাভ-লোকসান আবণ্টন হিসাব; এবং **(ঘ)** উক্ত তারিখে কোম্পানির উদ্বৃত্ত পত্র।